

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৮৫  
সোনামুড়া, ৩১, জানুয়ারি, ২০২৪

### বক্সনগরে ব্লকভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা ও কৌশল মেলা অনুষ্ঠিত

বক্সনগর কমিউনিটি হলে গতকাল বক্সনগর বন্দের উদ্যোগে ব্লকভিত্তিক এক দিনের প্রতিঘরে সুশাসন ২.০ অভিযান, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও কৌশল মেলা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক তফাজ্জল হোসেন। সভাপতিত্ব করেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার। উদ্বোধকের ভাষণে বিধায়ক তফাজ্জল হোসেন বলেন, বর্তমান কেন্দ্রীয় ও রাজ্যসরকার সাধারণ মানুষের কল্যাণের জন্য দল মত নির্বিশেষে বিভিন্ন সরকারি সুযোগ-সুবিধাগুলিকে তাদের দোরগোড়ায় পৌছে দিচ্ছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বক্সনগর বন্দের বিডিও অনিমেষ দেববর্মা। অন্যান্য অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বক্সনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান এরশাদ মির্ঝা, সদস্য সুভাষ চন্দ্র সাহা, নজরুল ইসলাম, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস এবং সমাজসেবী দেববৰত ভট্টাচার্য। অতিথিগণ বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে এলাকার সুবিধাভোগীদের হাতে বিভিন্ন প্রকল্পের সুবিধা তুলে দেন। এর মধ্যে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর থেকে ৪২৫ জনকে সামাজিক ভাতা, উজ্জ্বলা যোজনায় ১৩০টি পরিবারকে গ্যাস সিলিন্ডার সহ চুল্লী, মৎস্য দপ্তর থেকে ৫ জন মাছচাষীকে কনিজাল ও অপর ৫ জন মাছচাষীকে আইস বক্স এবং প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি প্রকল্পে ৫ জনকে শংসাপত্র প্রদান করা হয়।

\*\*\*\*\*